



PUBLIC SCHOOL 7 – Louis F. Simeone

Jason Chin, Principal

Bridget Ruggiero, Assistant Principal
Lollinez Perez, Assistant Principal

Naomi Landau, Ed.D., Assistant Principal
Lauren Molier, Assistant Principal

বিষয়: নিশ্চিত COVID-19 কেইস, কাছাকাছি আসা ব্যক্তিদের কোয়ারেন্টাইন করা হয়েছে

প্রিয় PS 7 কমিউনিটি:

NYC ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন এবং NYC টেস্ট + ট্রেইস কর্পস্ (T2)-এর নির্ধারণ করেছে যে, আমাদের স্কুল কমিউনিটির একজন সদস্যের COVID-19 পরীক্ষার ফলাফল পজিটিভ এসেছে এবং স্কুলে থাকাকালীন সময় হয়ত অন্যদের সংক্রমিত করেছে।

নিচে আপনি পথনির্দেশনা পাবেন যা NYC ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH), নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) এবং NYC টেস্ট অ্যান্ড ট্রেইস কর্পস্ (T2)-এর অভিজ্ঞতার প্রতিফলন করে।

এখন কী হবে?

- যার পজিটিভ পাওয়া গেছে, তার সাথে ক্লাসে উপস্থিত সকল শিক্ষার্থী ও স্টাফ "নিকট সংস্পর্শে এসেছে (ক্লোজ কন্টাক্ট)" হিসেবে ধরা হয়েছে, এবং পজিটিভ পাওয়া গেছে যে ব্যক্তি তার কাছাকাছি যেদিন এসেছে সেদিন থেকে 14 দিন কোয়ারেন্টাইন (স্বেচ্ছায় আলাদা বসবাস) করার প্রয়োজন তা অবহিত করা হয়েছে। এই সকল শিক্ষার্থী এবং স্টাফ এই সময়ের জন্য পুরোপুরি রিমোট লার্নিংয়ে শিক্ষণ ও শিক্ষা গ্রহণে অংশগ্রহণ করবে।
- T2 এবং DOHMH তাদের অনুসন্ধান সম্পন্ন করে অন্য কেউ কাছাকাছি এসেছে কিনা তাদের শনাক্ত ও অবহিত করবে, তাদেরও 14 দিন কোয়ারেন্টাইন (স্বেচ্ছায় আলাদা বসবাস) করা প্রয়োজন।
- কোনো ব্যক্তির COVID-19 পরীক্ষার ফলাফল যদি পজিটিভ হয়, তাদের সংক্রমণ শেষ হয়ে যাওয়া পর্যন্ত তিনি স্কুলে ফিরে আসবেন না।
- COVID-19-এ সংক্রমিত ব্যক্তি যেসব স্থানে গিয়েছে সেসব স্থান পরিষ্কার, জীবাণুমুক্ত, এবং পুনরায় খোলা হবে।
- যদি আপনার সন্তান অসুস্থ বোধ করে, তাকে বাড়িতে রাখুন।

আমরা কীভাবে সুস্থ থাকতে পারি?

COVID-19 সংক্রমণ রোধে এই "মূল চারটি" পদক্ষেপ অনুসরণ করা অনুগ্রহ করে মনে রাখবেন:

1. **অসুস্থ হলে বাড়িতে থাকুন** (এর ব্যতিক্রম হচ্ছে, অপরিহার্য চিকিৎসা সেবা গ্রহণ, এতে অন্তর্ভুক্ত COVID-19 পরীক্ষা)।
2. **পারস্পরিক দূরত্ব বজায় রাখুন:** আপনার বাড়ির সদস্য নয় এমন মানুষদের কাছ থেকে কমপক্ষে 6 ফিট দূরত্ব বজায় রাখুন।
3. COVID-19 সংক্রমণ হ্রাস করতে **একটি নাক-মুখের আবরণ পরিধান করুন**।
4. **স্বাস্থ্যকরভাবে হাত পরিষ্কার চর্চা করুন** প্রায়শই হাত ধোনা অথবা অ্যালকোহল-ভিত্তিক হাত জীবাণুমুক্তকারক (হ্যান্ড স্যানিটাইজার) ব্যবহার করুন; মুখমণ্ডল স্পর্শ করা থেকে বিরত থাকুন; এবং আপনার বাছ দিয়ে ঢেকে কাশি বা হাঁচি দিন, আপনার হাত দিয়ে নয়।

আমি কীভাবে সর্বসাম্প্রতিক তথ্য পেতে পারি?

গণস্বাস্থ্য বিশেষজ্ঞদের পথনির্দেশনা আমরা অব্যাহতভাবে নিবিড়ভাবে অনুসরণ করে যাব এবং আমরা যে পদক্ষেপগুলো গ্রহণ করছি সেগুলো আপনাদের সক্রিয়ভাবে অবহিত করবো। আমরা যেন আপনার সাথে টেক্সট ও ইমেইলের মাধ্যমে যোগাযোগ করতে পারি তা নিশ্চিত করতে, অনুগ্রহ করে যথাশীঘ্র সম্ভব schools.nyc.gov/nycsa ভিজিট করে একটি নিউ ইয়র্ক সিটি স্কুলস অ্যাকাউন্ট (NYCSA) তৈরি করুন।

নিউ ইয়র্কবাসীদের কোয়ারেন্টাইনে সহায়তা করতে, NYC টেস্ট + ট্রেইস কর্পস্, কমিউনিটি ভিত্তিক সংগঠনগুলোর সাথে একযোগে কাজ করে খাদ্য, ঔষধ, ও চিকিৎসা সেবার মত সংস্থান সরবরাহ করতে ভুক্তভোগীদের সাথে যোগাযোগ করবে। সংস্থান বা রিসোর্স পেতে, আপনি **1-212-COVID19 (212-268-4319)** নম্বরে ফোন করতে পারেন।

COVID-19 সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য schools.nyc.gov/coronavirus ভিজিট করুন, অথবা 311 নম্বরে ফোন করুন।



PUBLIC SCHOOL 7 – Louis F. Simeone

Jason Chin, Principal

Bridget Ruggiero, Assistant Principal
Lollinez Perez, Assistant Principal

Naomi Landau, Ed.D., Assistant Principal
Lauren Molier, Assistant Principal

বিনীত,

Jason Chin